

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

তারিখঃ ১৫/০৫/২০১৬।

নং- ৪৬.৪২.৮৫০০.০০০.১৪.০৬৮.১৫ ৩২৪৭

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।


সূত্রঃ রংপুর জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং- জেপরং/২০১৬/১৮৬(২) তারিখঃ ১৭/৪/২০১৬।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ২০১৫-২০১৬ অর্থ বছরে অনুমোদিত রাজস্ব বাজেটের আওতায় ১৭,৫০,০০০/- (সতের লক্ষ পঞ্চাশ হাজার) টাকায় গৃহীত ৪টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

ক্রঃনং	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ (লক্ষ টাকায়)
১.	বেকার ও দুস্থ মহিলাদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে সেলাই প্রশিক্ষণ	৫.২৫
২.	প্রশিক্ষণ প্রাপ্ত বেকার ও দুস্থ মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য সেলাই মেশিন ক্রয় এবং বিতরণ	৭.৫০
৩.	বেকার ও দুস্থ মহিলাদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে কম্পিউটার প্রশিক্ষণ	২.৭৫
৪.	সদর উপজেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মেধাবী ছাত্র/ছাত্রীদের জন্য কম্পিউটার সরবরাহ	২.০০
	মোট=	১৭.৫০

শর্তসমূহঃ

- ১) বর্ণিত প্রকল্পের সুবিধাভোগীদের বাছাইয়ের জন্য বহুল প্রচলিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান;
- ২) প্রশিক্ষণ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রংপুর, উপ পরিচালক, স্থানীয় সরকার, রংপুর, উপজেলা নির্বাহী অফিসার, সদর, রংপুর, সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, রংপুর এর সমন্বয়ে কমিটি গঠন;
- ৩) বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্রসমূহ কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে প্রশিক্ষণার্থী নির্বাচন করে তাদের নামের তালিকা (জাতীয় পরিচয় পত্রের নম্বর উল্লেখসহ) মন্ত্রণালয় কে অবহিত রেখে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ;
- ৪) সেলাই প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ কোর্স যুবসমূহ উন্নয়ন অধিদপ্তর পরিচালিত প্রশিক্ষণ পাঠক্রম অনুরূপে পরিচালনা করতে হবে;
- ৫) কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত কোর্সসমূহ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিচালিত বেসিক আইসিটি ট্রেনিং এর কোর্স মডিউলের অনুরূপে পরিচালনা করতে হবে এবং প্রশিক্ষণার্থীগণ অন লাইনে অর্থ উপার্জনের প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে পারে এরূপ বিষয় কোর্স মডিউলে অন্তর্ভুক্ত হবে;
- ৬) প্রশিক্ষকের সম্মানী প্রতি ক্লাসের জন্য অনধিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে প্রদান করা যাবে এবং প্রশিক্ষণার্থীগণযেহেতু বিনা মূল্যে প্রশিক্ষণের সুযোগ পাচ্ছেন সেহেতু তাদেরকে আর কোন সম্মানী/যাতায়াত বাবদ ভাতা দেয়া যাবেনা; প্রশিক্ষণার্থীদের নান্তার জন্য সর্বোচ্চ প্রতিদিন ৫০.০০ (পঞ্চাশ) টাকা ব্যয় করা যাবে;
- ৭) সেলাই মেশিন ক্রয়ের ক্ষেত্রে ব্রান্ড মেশিন (সিংঙ্গার/বাটার ফ্লাই) ক্রয়;
- ৮) কম্পিউটার ক্রয়ের ক্ষেত্রে ব্রান্ড কম্পিউটার (এইচপি/ডেল) ক্রয় করতে হবে;
- ৯) পরিচালক, স্থানীয় সরকার, রংপুর এবং উপ পরিচালক, স্থানীয় সরকার, রংপুর এর উপস্থিত থেকে সেলাই মেশিন/কম্পিউটার বিতরণ শেষে আবশ্যিকভাবে মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন প্রেরণ করবে।


(জুবাইদা নাসরিন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-igzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, রংপুর।

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রংপুর।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।